দৈনিক
ইত্তেফাক

তারিখ: 21 AUG 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ২

# মঠবাড়িয়ায় স্কুল ছাত্রীর ওপর বখাটেদের হামলা

## ছাত্রীর স্কুলে যাওয়া বন্ধ

■ মঠবাড়িয়া (পিরোজপুর) সংবাদদাতা

পিরোজপুরের মঠবাড়িয়ায় সপ্তম শ্রেণির এক ছাত্রীর ওপর যৌন হয়রানি ও হামলার ঘটনায় দুই বখাটের বিরুদ্ধে থানায় মামলা করে বিপাকে পড়েছে ভুক্তভোগী ছাত্রীর পরিবার। বখাটেদের হুমকির মুখে বর্তমানে বন্ধ হয়ে আছে ওই ছাত্রীর স্কুলে যাওয়া।

মামলা সূত্রে জানা যায়, উপজেলার দক্ষিণ সোনাখালী গ্রামের সাপলেজা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির এক ছাত্রীকে (১৩) একই এলাকার আলম বেপারীর ছেলে ছোট্ট বেপারী (৩০) ও তার সহযোগী সোহাগ (২৩) দীর্ঘদিন ধরে স্কুলে আসা যাওয়ার পথে উত্ত্যক্ত করে আসছিল। গত মঙ্গলবার সকালে স্কুলে যাওয়ার পথে তারা ওই ছাত্রীকে উত্ত্যক্ত করলে সে প্রতিবাদ করে। এতে ক্ষিপ্ত হয়ে তারা মেয়েটিকে মারধর ও লাঞ্ছিত করে। একপর্যায়ে তারা মেয়েটির শ্লীলতাহানির চেষ্টা করলে তার চিৎকারে এলাকাবাসী এগিয়ে এসে তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এ ঘটনায় ছাত্রীর মা বাদী হয়ে মঙ্গলবার রাতে ওই দুই বখাটেকে আসামি করে মঠবাড়িয়া থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করে।

থানার অফিসার ইনচার্জ (ওসি) খন্দকার মোস্তাফিজুর রহমান বলেন, এ ঘটনায় ছাত্রীর মা থানায় মামলা করেছেন। অভিযুক্ত আসামিরা ঘটনার পর থেকে পলাতক। তাদের গ্রেফতারে অভিযান চলছে।